দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

### বিভিন্ন মহলের প্রতিবাদ

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনায় দোষী ব্যক্তিদের শাস্তি দাবি

**নিজস্ব বার্তা পরিবেশক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে গভীর রাতে ছাত্রীদের ওপর পুলিশি হামলা, ছাত্রছাত্রীদের বিক্ষোভ মিছিলে লাঠিচার্জ ও টিয়ার গ্যাস নিক্ষেপ, ক্যাম্পাসে সাংবাদিকদের ওপর পুলিশি হামলার প্রতিবাদ এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রক্টরের পদত্যাগসহ দোষী ব্যক্তিদের শাস্তি দাবি করে দেশের বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও ছাত্র সংগঠন বিবৃতি দিয়েছে।

**ওয়ার্কার্স পার্টি :** বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির পলিটব্যুরো ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সাম্প্রতিক ঘটনাবলি ও বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ার ঘটনায় বিএনপি-জামাত জোট সরকারকে দায়ী করেছে। ওয়ার্কার্স পার্টির এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গতকাল পার্টির সভাপতি রাশেদ খান মেননের সভাপতিত্বে অনুষ্ঠিত পলিটব্যুরোর সভায় গৃহীত প্রস্তাবে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে বিএনপি কেবল রাজনীতিই করছে না, দলীয় ব্যক্তিকে উপাচার্য ও প্রক্টর পদে সমাসীন রাখার জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়া এবং হাজার হাজার ছাত্রছাত্রীর শিক্ষা জীবনকে অনিশ্চয়তার মুখে ঠেলে দিতেও জোট সরকারের বাধেনি।

**ন্যাপ :** বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ) ঢাকা মহানগরীর সভাপতি এমএ গণি ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট শফিকুর রহমান এক যুক্ত বিবৃতিতে শামসুন্নাহার হলে পুলিশি হামলার নিন্দা জানান এবং ঘটনার জন্য দায়ী অভিযুক্তদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিসহ বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রো-ভিসি ও প্রক্টরের পদত্যাগ দাবি করেন।

**বুয়েট শিক্ষক সমিতি :** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. এম হাবিবুর রহমান ও সাধারণ সম্পাদক ড. হাসিব মোহাম্মদ আহসান সইকৃত এক সংবাদ বিজ্ঞপ্তিতে শিক্ষক সমিতি ২৩শে জুলাই রাতে শামসুন্নাহার হলে ছাত্রীদের ওপর পুলিশি হামলার নিন্দা জানায়। সমিতি উক্ত ঘটনার সুষ্ঠু তদন্ত করে দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবি করে।

**গণতন্ত্রী পার্টি :** গণতন্ত্রী পার্টির সাধারণ সম্পাদক আজিজুল ইসলাম খান গতকাল এক বিবৃতিতে শামসুন্নাহার হলের ছাত্রীদের মধ্যরাতে হামলা ও গ্রেফতার করে থানায় নিয়ে যাওয়ার ন্যক্কারজনক ঘটনা ও বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীদের ওপর পুলিশি হামলার তীব্র নিন্দা জানান।

**সিপিবি :** বাংলাদেশের কমিউনিস্ট পার্টির সভাপতি মনজুরুল আহসান খান ও সাধারণ সম্পাদক মুজাহিদুল ইসলাম সেলিম এক যুক্ত বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রদের ওপর পুলিশের ন্যক্কারজনক হামলার তীব্র নিন্দা জানান। বিবৃতিতে অবিলম্বে ছাত্র-শিক্ষকের ওপর দায়ের করা মিথ্যা মামলা প্রত্যাহার, ছাত্র-শিক্ষকদের দাবি মেনে নেয়া, দমন-পীড়ন বন্ধ ও বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবি জানানো হয়।

**সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট :** সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সভাপতি ও সাধারণ সম্পাদক গতকাল এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষক ও ছাত্রছাত্রীর ওপর পুলিশি হামলায় পুলিশ ও ছাত্রদলের সন্ত্রাসীদের দায়ী করেন। তারা অবিলম্বে ভিসি ও প্রক্টরকে অপসারণ করে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবি জানান।

**কোর্ট রিপোর্টার্স অ্যাসোসিয়েশন :** কোর্ট রিপোর্টার্স অ্যাসোসিয়েশন গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পুলিশের বর্বরোচিত কার্যকলাপ ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের খামখেয়ালিপূর্ণ আচরণ ও দায়সারা কাণ্ডজ্ঞানহীন বক্তব্যের সমালোচনা করে। অ্যাসোসিয়েশন অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়া ও দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করে।

**গণতান্ত্রিক বিপ্লবী জোট :** গণতান্ত্রিক বিপ্লবী জোট গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে মধ্যরাতে পুলিশের ফ্যাসিবাদী হামলা, বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা, ছাত্রছাত্রী-শিক্ষক-সাংবাদিকের ওপর পুলিশি নির্যাতনের তীব্র সমালোচনা করে অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি আনোয়ার উল্লাহ চৌধুরীকে অপসারণ, গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবি জানানো হয়।

**ছাত্র ফেডারেশন :** বাংলাদেশ ছাত্র ফেডারেশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, সংগঠনের কেন্দ্রীয় কমিটির এক বিক্ষোভ মিছিল গতকাল বিকেল ৫টায় পল্টন, বিজয়নগর ও অন্যান্য সড়ক প্রদক্ষিণ করে। মিছিলশেষে বিক্ষোভ সমাবেশে নেতৃবৃন্দ অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসিকে গ্রেফতারের দাবি জানান।